

নাগিছড়ায় মৎস্য পরিবহন ইয়ার্ডের উদ্বোধন

মানুষের মৌলিক সমস্যাগুলো সমাধান করাই হচ্ছে সরকারের অন্যতম লক্ষ্য : মুখ্যমন্ত্রী

মানুষের মৌলিক সমস্যাগুলো সমাধান করাই হচ্ছে সরকারের অন্যতম লক্ষ্য। প্রধানমন্ত্রীর মার্গদর্শনে রাজ্যে বর্তমানে উন্নয়নের কর্মযজ্ঞ চলছে। নাগিছড়ার মৎস্য পরিবহন ইয়ার্ড স্থাপন সেই উন্নয়নেরই একটি মাইল ফলক। আগামী দিনে এটিকে কেন্দ্র করেই নাগিছড়া অঞ্চলের উন্নয়নের ধারা আরও গতি পাবে। আজ ময়লনগর গ্রাম পঞ্চায়েতের নাগিছড়ায় মৎস্য পরিবহন ইয়ার্ডের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের গ্রাম ও শহরের সার্বিক উন্নয়নের লক্ষ্যে রাজ্য সরকার বহুমুখী পরিকল্পনা গ্রহণ করে কাজ করছে। এক্ষেত্রে রাজ্যের বনাঞ্চলকে সুরক্ষিত রেখেই উন্নয়নের রূপরেখা তৈরী করা হচ্ছে। রাজ্যের জনগণও সেই উন্নয়নের সুফল ভোগ করতে পারছেন। রাজ্যে প্রতিদিন বড় গাড়ী করে ১০০ টনেরও বেশী মাছ বহির্রাজ্য থেকে আসে। সেগুলি আগরতলা শহরের বাজারগুলোতে আনলোডিং করা হয়। এরফলে শহরে ব্যাপক যানজটের সৃষ্টি হয়ে জনগণের দুর্ভোগ সৃষ্টি করে। জনগণের এই সমস্যার সমাধানের লক্ষ্যেই রাজ্য সরকার এই উদ্যোগ নিয়েছে। এই মৎস্য পরিবহন ইয়ার্ডে ক্যান্টিন, পানীয় জল, বিদ্যুৎ সহ নানাবিধ সুযোগ সুবিধা রয়েছে। ফলে মাছ ব্যবসায়ী সহ স্থানীয় জনগণও উপকৃত হবেন।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, উন্নয়নের অন্যতম প্রধান শর্ত হল শান্তি বজায় রাখা। এই ফিস ট্রানশিপমেন্ট ইয়ার্ডের পাশে স্থানীয় উদ্যোগীরা কোল্ড স্টোরেজ স্থাপনের আশ্রয় প্রকাশ করেছে। তাতে স্থানীয়দের কর্মসংস্থানের একটা সুযোগও সৃষ্টি হবে বলে মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন। অনুষ্ঠানে ত্রিপুরা বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল বলেন, ময়লনগর গ্রামপঞ্চায়েত এলাকাটি শহরের সঙ্গে তাল মিলিয়েই উন্নয়নের দিশায় এগিয়ে চলছে। আগরতলা পুর নিগমের এই উদ্যোগ স্থানীয় মাছ ব্যবসায়ীদের সমস্যা সমাধানের পাশাপাশি আগরতলা শহরকে পরিষ্কার পরিচ্ছন্ন ও যানজটমুক্ত রাখতে সহায়ক হবে। অনুষ্ঠানে আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার বলেন, বহির্রাজ্য থেকে প্রতিদিন বড় বড় গাড়ী করে মাছ আসে এবং তা বটতলা বাজার, মহারাজগঞ্জ বাজার এবং লেক চৌমুহনী বাজারে আনলোড করা হয়। ফলে শহরের রাস্তাঘাট নষ্ট হওয়ার পাশাপাশি বাজার এলাকায় নোংরা পরিবেশের সৃষ্টি হয়। এসব থেকে রক্ষা পাওয়ার উদ্দেশ্যেই নাগিছড়ায় এই মৎস্য পরিবহন ইয়ার্ড স্থাপন করা হয়েছে। এখানে বহির্রাজ্য থেকে আগত মাছের গাড়িগুলোর চালকদের সুবিধার জন্য থাকা খাওয়ার ব্যবস্থাও রাখা হয়েছে।

অনুষ্ঠানে আগরতলা পুর নিগমের কমিশনার ডা. শৈলেশ কুমার যাদব বলেন, আগরতলা পুর নিগমের ৩ একর জায়গা নিয়ে এই মৎস্য পরিবহন ইয়ার্ডটি গড়ে তোলা হয়েছে। এজন্য ব্যয় হয়েছে সাড়ে তিন কোটি টাকা। এখানে পার্কিং ব্যবস্থা, ২৪ ঘণ্টা জলের ব্যবস্থা, নিরাপত্তার লক্ষ্যে সিসিটিভি ক্যামেরা ইত্যাদির ব্যবস্থাও রাখা হয়েছে। সোসাইটির মাধ্যমে এই ইয়ার্ডটি পরিচালিত হবে। অনুষ্ঠানে ময়লনগর গ্রাম পঞ্চায়েতের প্রধান সন্ধ্যারানী মালাকার, পশ্চিম ত্রিপুরা জেলার জেলা শাসক ডা. বিশাল কুমার, সদর মহকুমার মহকুমা শাসক অরুণ দেব, আগরতলা পুর নিগমের অতিরিক্ত কমিশনার মহম্মদ সাজ্জাদ পি প্রমুখ উপস্থিত ছিলেন।